# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّٰٓفَّٰت

আয়াতঃ ৩৭ : ১৫০

## আরবি মূল আয়াত:

اَم خَلَقنَا المَلٰٓئِکَۃَ اِنَاثًا وَّ هُم شٰهِدُونَ ﴿۱۵۰﴾

## অনুবাদসমূহ:

অথবা আমি কি ফেরেশতাদেরকে নারীরূপে সৃষ্টি করেছিলাম আর তারা তা প্রত্যক্ষ করছিল? — আল-বায়ান

নাকি আমি ফেরেশতাদেরকে মেয়ে হিসেবে সৃষ্টি করেছিলাম আর তারা (অর্থাৎ মক্কার কাফিররা সেখানে) হাজির ছিল? — তাইসিরুল

অথবা আমি কি মালাইকাকে নারী রূপে সৃষ্টি করেছি, আর তারা তা প্রত্যক্ষ করেছিল? — মুজিবুর রহমান

Or did We create the angels as females while they were witnesses?" — Sahih International

১৫০. অথবা আমরা কি ফেরেশতাদেরকে নারীরূপে সৃষ্টি করেছিলাম আর তারা দেখেছিল?(১)

(১) অন্যস্থানে এসেছে, “আর তারা রহমানের বান্দা ফেরেশতাগণকে নারী গণ্য করেছে; এদের সৃষ্টি কি তারা দেখেছিল? তাদের সাক্ষ্য অবশ্যই লিপিবদ্ধ করা হবে এবং তাদেরকে জিজ্ঞেস করা হবে।” [সূরা আয-যুখরুফ: ১৯]

তাফসীরে জাকারিয়া

(১৫০) অথবা ওরা কি উপস্থিত ছিল, যখন আমি ফিরিশতাদেরকে নারীরূপে সৃষ্টি করেছিলাম? [1]

[1] অর্থাৎ, এরা যে ফিরিশতাদিগকে আল্লাহর কন্যা বলে, তবে আমি যখন ফিরিশতা সৃষ্টি করেছিলাম, তখন কি তারা সে স্থানে উপস্থিত ছিল এবং তারা ফিরিশতাদের মধ্যে নারীত্বের কোন চিহ্ন লক্ষ্য করেছিল?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন